

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
ফুলগাজী, ফেনী।  
[www.fulgazi.feni.gov.bd](http://www.fulgazi.feni.gov.bd)

তারিখ: ১৬ বৈশাখ/১৪৩৩ বঙ্গাব্দ  
২১ এপ্রিল/২০২৬ খ্রিঃ

স্মারক নং : ০৫-২০-৩০৪১,০০০.১৮.০০১.২৫- ৪৯২

"অস্থায়ী পশুর হাট ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা-২০২৬ উপলক্ষে ফুলগাজী উপজেলাধীন নিম্নলিখিত বাজার সমূহ অস্থায়ী পশুরহাট হিসেবে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/ইজারাদারদের নিকট হতে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নির্ধারিত মূল্যে উপপরিচালক, স্থানীয় সরকার, ফেনী, উপজেলা নির্বাহী অফিস, ফুলগাজী ও সহকারী কমিশনার (ভূমি), ফুলগাজী, অফিসার ইনচার্জ, ফুলগাজী থানা এর কার্যালয় হতে দরপত্রের মূল্য (অফেরতযোগ্য) প্রতি বাজারের বিপরীতে ৫০০/- (পাঁচশত) টাকার বিনিময়ে দরপত্র সংগ্রহ করা যাবে।

নং	ইউনিয়নের নাম	হাট/বাজারের নাম	সরকারি মূল্য	দরপত্র বিক্রয় ও দাখিলের তারিখ	
				(১ম বার)	(২য় বার)
০১.	ফুলগাজী	ফুলগাজী রেল লাইন সংলগ্ন খোলা জায়গা অস্থায়ী পশুর হাট	১২,৬৩১/-	০৩.০৫.২০২৬ থেকে ০৭.০৫.২০২৬ তারিখ বিকাল ৪.০০ টা পর্যন্ত দরপত্র বিক্রয় এবং ১০.০৫.২০২৬ খ্রিঃ ১.০০ টার মধ্যে দরপত্র দাখিল ও দরপত্র বাস্তব খোলার সময়ঃ ১০.০৫.২০২৬ খ্রিঃ বিকেল ৩.০০ টা	১১.০৫.২০২৬ থেকে ১৩.০৫.২০২৬ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত দরপত্র বিক্রয় এবং ১৪.০৫.২০২৬ খ্রিঃ ১.০০ টার মধ্যে দরপত্র দাখিল ও দরপত্র বাস্তব খোলার সময়ঃ ১৪.০৫.২০২৬ খ্রিঃ বিকেল ৩.০০ টা
০২.	মুন্সিরহাট	নতুন বাজার রেল লাইন সংলগ্ন খোলা জায়গা অস্থায়ী পশুর হাট	৩৪,৩৩৩/-		
০৩.	মুন্সিরহাট	পৈখারা বিদ্যালয় সংলগ্ন পশ্চিমের খোলা মাঠে অস্থায়ী পশুর হাট	৩,৯২১/-		
০৪.	আনন্দপুর	কালির হাট আনন্দপুর বাজার সংলগ্ন খোলা জায়গা অস্থায়ী পশুর হাট	১১,৫০২/-		
০৫.	আনন্দপুর	বন্দুয়া দৌলতপুর হাজী স্টোর সংলগ্ন অস্থায়ী পশুরহাট	৫,১২৩/-		
০৬.	আমজাদহাট	আমজাদহাট বাজারস্থ অস্থায়ী পশুর হাট	৪১৫৫২/-		
০৭.	জিএম হাট	জিএমহাট কৃষি ব্যাংক সংলগ্ন খোলা মাঠে অস্থায়ী পশুর হাট	৪,৪১৭/-		

দরপত্রের শর্তাবলীঃ

- ১। খেলার মাঠ, রেল লাইন, সড়ক/মহাসড়কের সন্নিকটস্থ জনদুর্ভোগ সৃষ্টি হয় এমন স্থানে অস্থায়ী পশুর হাট বসানো যাবে না।
- ২। শুধু মাত্র বাংলা ১৪৩৩ সনের (২০২৬ সনের) ঈদ-উল-আযহা উপলক্ষে বাজার ইজারা দেয়া হবে। ঈদ-উল-আযহার পর ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ৩। দরপত্রের সহিত উদ্ধৃত মূল্যের উপর শতকরা ৩০% অর্থ জামানত হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজীর অনুকূলে জমা দিতে হবে।
- ৪। দরপত্র অনুমোদনের ০৩ (তিন) দিনের মধ্যে অনুমোদিত দরদাতাকে ইজারামূল্যের অবশিষ্ট ৭০% অর্থ পরিশোধ করতে হবে। তাছাড়া একই সাথে অনুমোদিত দরপত্র দাতাকে উদ্ধৃত মূল্যের উপর সরকার কর্তৃক ধার্যকৃত অতিরিক্ত ১৫% ভ্যাট এবং ১০% আয়কর ইজারা মূল্যের অবশিষ্ট ৭০% এর সাথে যোগ করে এ কার্যালয়ে জমা প্রদান করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে। এ জন্য আলাদা কোন পত্র ইস্যু করা হবে না।
- ৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।
- ৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রসিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে মূল্যমান একাধিক স্থানে টোল চার্জ টাংগাইয়া প্রচার করবেন।
- ৮। দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) এবং নির্ধারিত সময়ের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী এর স্থানীয় সরকার শাখা, উপজেলা ভূমি অফিস, ফেনী, অফিসার ইনচার্জ, ফুলগাজী থানা এবং এ অফিসে স্থাপিত টেন্ডার বাস্তবে দরপত্র ক্রয় করা যাবে। প্রতি কেত্রে দরপত্র গ্রহণের উল্লিখিত দিনসমূহে বেলা ১.০০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী এর স্থানীয় সরকার শাখা, উপজেলা ভূমি অফিস, ফেনী, অফিসার ইনচার্জ, ফুলগাজী থানা এবং এ অফিসে স্থাপিত টেন্ডার বাস্তবে দরপত্র একই দিন বিকেল ৩.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র বাস্তব খোলা হবে।
- ৯। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সিলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।